

# নারী ভোটারদের উদাসীনতা কমানো এবং ২০২৩ সালে জিহ্বাবুয়ের নির্বাচনে নারী রাজনৈতিক প্রার্থী বৃদ্ধি করা

মওয়ানাসিকানা ওয়ানহাসি

হারারে, জিহ্বাবুয়ে

## পটভূমি

মওয়ানাসিকানা ওয়ানহাসির মানে "আজকের মেয়ে শিশু"। যুব-নেতৃত্বাধীন নারীবাদী এই সংগঠনটি জিহ্বাবুয়ের বুলাওয়েতে অবস্থিত। এটি ২০২০ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং নারীবাদী পুরুষদের দ্বারা পরিচালিত (অ্যানেসলে এনডোভো এবং ওয়েন মাকাঙ্গা)। কিশোরী এবং যুব-নারীদের যেসকল সমস্যাগুলি তাদের আর্থসামাজিক এবং রাজনৈতিক বাধা তৈরি করে সেসব সমস্যার সমাধানের জন্য জিহ্বাবুয়েতে সংগঠনটির প্রতিষ্ঠা হয়।

অ্যানেসলে এনডোভো, যিনি পেশায় একজন সমাজকর্মী, সংগঠনটির নেতৃত্ব দেন। সংগঠনটি কিশোরী এবং যুব-নারীদের আর্থসামাজিক ও রাজনৈতিক অধিকারের পক্ষে কাজ করে। এটি নারীদের অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে জীবিকার উন্নয়নে সোচ্চার।

## উদ্দেশ্যসমূহ

সংগঠনটি প্রচারণা, নেটওয়ার্কিং এবং অংশীদারিত্বের মাধ্যমে যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার, নারী নেতৃত্ব, অংশগ্রহণ, এবং অন্তর্ভুক্তি সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন করে। এছাড়াও অংশীদারিত্বের মাধ্যমে ঋতুস্বাস্থ্য সম্পর্কিত পরামর্শ দিয়ে থাকে।

মওয়ানাসিকানা ওয়ানহাসি 'পরিবর্তনের তত্ত্ব' পদ্ধতি ব্যবহার করে পুরো প্রকল্প জুড়ে তাদের ফলাফল কেন্দ্রিক অগ্রগতি মূল্যায়ন করছে।

সংগঠনটি সচেতনতা বৃদ্ধি, শিক্ষা ও সক্ষমতা বৃদ্ধিতে বিনিয়োগ, সহায়ক নেটওয়ার্ক স্থাপন এবং রাজনৈতিক সংস্কৃতির পরিবর্তনের মাধ্যমে নারীদের ক্ষমতায়ন করে এবং রাজনৈতিক প্রক্রিয়ায় তাদের অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করতে সাহায্য করে।



অ্যানেসলে এনডোভো বুলাওয়েতে ছাত্রদের নিয়ে একটি কর্মশালা পরিচালনা করছেন।

স্থান: বুলাওয়েও, জিহ্বাবুয়ে

ক্রেডিট: মওয়ানাসিকানা ওয়ানহাসি (২০২৩)

## কার্যক্রম

- স্টেপলফোর্ড গ্রামে পাঁচটি প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করা হয়, যেখানে ১০০ জন অংশগ্রহণ করেছিল। কর্মশালাটি নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন সময়ে ভোটাধিকার সচেতনতার ওপর দৃষ্টি আরোপ করে।
- হারারেতে শিক্ষার্থীদের সাথে দুটি প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেছেন, যেখানে ৪০ জন অংশগ্রহণকারী নির্বাচনে নারীদের অংশগ্রহণকে শক্তিশালী করার জন্য মওয়ানাসিকানা-এর কৌশল সম্পর্কে শিখেছেন।
- মাউন্ট টারশিয়ারি হ্যাম্পডেনে পাঁচটি কমিউনিটি ডায়ালগ আয়োজন করা হয়, সেখানে নির্বাচনে নারীদের অংশগ্রহণ কীভাবে বৃদ্ধি করা যায় তা নিয়ে স্থানীয় নেতাদের সাথে আলোচনা করা হয়।

## প্রভাব

গ্রিপি (GRRIPP) এর সহায়তায় আরও অনেক তরুণী তাদের অধিকার, মৌলিক মানবাধিকার এবং তাদের সুরক্ষা দেয় এমন আইনগুলো সম্পর্কে অবগত হতে পেরেছে। প্রকল্প থেকে ১০০০ জনেরও বেশি নারী অ-প্রত্যক্ষভাবে উপকৃত হয়েছেন এবং ৩২৬ জন নারী অনুদান সহায়তার মাধ্যমে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন।



অ্যানেসলি এনডোভো,  
মওয়ানাসিকানার সহ-  
প্রতিষ্ঠাতা।  
অবস্থান: বুলাওয়েও,  
জিম্বাবুয়ে।  
ক্রেডিট: মওয়ানাসিকানা  
ওয়ানহাসি।

নারী ভোটারদের উদাসীনতা কমানো এবং ২০২৩  
সালে জিম্বাবুয়ের নির্বাচনে নারী রাজনৈতিক প্রার্থী  
বৃদ্ধি করা

মওয়ানাসিকানা ওয়ানহাসি

Twitter: @MwanasikanaW  
LinkedIn: Mwanasikana Mwanhasi  
Email: info@mwanasikanawanhasi.org  
Website: mwanasikanawanhasi.org or

A project funded by 'Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice' (GRRIPP) - Networking Plus Partnering for Resilience' a UKRI Collective Fund award

